

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২২০৬

৩৬/ ফিতনা (كتاب الفتن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কাঠের তলওয়ার বানিয়ে নেওয়া।

### بَابُ مَا جَاءَ فِي اتِّخَاذِ سَيْفٍ مِنْ خَشَبٍ فِي الْفِتْنَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدٍ، عَنْ عُدَيْسَةَ بِنْتِ أَهْبَانَ بْنِ صَيْفِيٍّ الْغِفَارِيِّ، قَالَتْ جَاءَ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ إِلَى أَبِي فِدْعَاهُ إِلَى الْخُرُوجِ مَعَهُ فَقَالَ لَهُ أَبِي إِنَّ خَلِيلِي وَابْنَ عَمِّكَ عَهْدَ إِلَيَّ إِذَا اخْتَلَفَ النَّاسُ أَنْ أَتَّخِذَ سَيْفًا مِنْ خَشَبٍ فَقَدْ أَتَّخَذْتُهُ فَإِنْ شِئْتَ خَرَجْتُ بِهِ مَعَكَ . قَالَتْ فَتَرَكْتُهُ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ مُحَمَّدِ بْنِ مَسْلَمَةَ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدٍ .

বাংলা

২২০৬. আলী ইবন হুজর (রহঃ) ..... উদায়সা বিনত উহবান ইবন সায়ফা গিফারী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আলী ইবন আবু তালিব রাদিয়াল্লাহু আনহু আমার পিতার কাছে এলেন এবং তাঁর সঙ্গে বের হওয়ার জন্য তাঁকে আহবান জানালেন। তখন আমার পিতা তাঁকে বললেনঃ আমার প্রিয় বন্ধু আর আপনার চাচাতো ভাই আমাকে ওয়াসীয়াত করে গিয়েছে যে, লোকেরা যখন পরস্পরে বিরোধিতায় লিপ্ত হয়ে যাবে তখন আমি যেন কাঠের তলোয়ার বানিয়ে নেই। তদনুসারে বর্তমানে আমি তা বানিয়ে নিয়েছি। আপনি যদি চান তবে তা-ই নিয়ে আপনার সঙ্গে বের হতে পারি। উদায়সা (রহঃ) বলেনঃ এরপর, তিনি (আলী রাদিয়াল্লাহু আনহু) তাকে তার অবস্থার উপরে ছেড়ে দিলেন।

হাসান সহীহ, ইবনু মাজাহ ৩৯৬০, তিরমিজী হাদিস নম্বরঃ ২২০৩ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে মুহাম্মদ ইবন মাসলামা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-গারীব। আবদুল্লাহ ইবন উবায়দ (রহঃ) এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নাই।

English

'Udaisah bint Uhban bin Safi Al-Ghifari said:

"Ali bin Abi Talib came to my father to call him to go out(to fight) with him. My father said to him: 'Indeed my beloved, the son of your paternal uncle, made a covenant with me, that when the people differ, to take a sword of wood. So I have resigned it, if you wish I will take it out with you.' She said: 'So he left him.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37561>

📄 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন